দৈনিক
ইত্তেফাক

তারিখ 09 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# মাদ্রাসায় অধ্যক্ষ নিয়োগ প্রসঙ্গে

কিশোরগঞ্জ জেলার সদর উপজেলাধীন নগুয়ায় নূরুল উলুম আদর্শ মহিলা ফাজিলে মাদ্রাসা ১৯৭৯ সালে প্রতিষ্ঠিত হয়। বরাবরই ভালো ফলাফল করছে দাখিল পরীক্ষায়। আশির দশকের মাঝামাঝি সময়ে দাখিল থেকে আলিম এবং নব্বই দশকের গোড়ার দিকে আলিম (এইচএসসি) থেকে ফাজিল (ডিগ্রি) মাদ্রাসায় উন্নীত হয়। আলিম এবং ফাজিলে উন্নত হবার পর এ দুটো পাবলিক পরীক্ষাতেও ফলাফল প্রতি বছর ভালো হয়। যার জন্য কিশোরগঞ্জের বিভিন্ন উপজেলাসহ পার্শ্ববর্তী জেলা এবং জেলার বিভিন্ন উপজেলা থেকে ছাত্রীরা এসে এখানে ভর্তি হয়। পরীক্ষার ফলাফল এবং সামগ্রিক বিবেচনায় ১৯৯০ সালে রাষ্ট্রপতি কর্তৃক বাংলাদেশের সেরা মাদ্রাসার পুরস্কার লাভ করে। কিন্তু গত এক দশকেরও বেশি সময় ধরে মাদ্রাসাটিতে শিক্ষার মান ক্রমশ নীচে নেমে আসায় ছাত্রীর সংখ্যাও কমে আসে। মাদ্রাসায় চার বছর ধরে নেই অধ্যক্ষ। সহকারী অধ্যাপক পদবির একজন সিনিয়র শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। গত দশ বছরে বেশ ক' জন ভালো শিক্ষক অবসরে চলে গেছেন। বর্তমানে অধ্যক্ষ নিয়োগ প্রক্রিয়া চলছে। অধ্যক্ষ পদের জন্য জোর তদবির চলছে বলে জানা যায়। এ মুহূর্তে একজন সৎ, দক্ষ, ব্যক্তিত্ব সম্পন্ন সর্বোপরি মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাস করে এমন একজন অধ্যক্ষ প্রয়োজন। তা হলো হয়তো হৃতগৌরব ফিরিয়ে আনা সম্ভব হবে। এ ব্যাপারে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**মো. মইনুল হোসেন,**
এতিমখানা রোড, নগুয়া,
কিশোরগঞ্জ ২৩০০